ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ
ব্যবস্থাপনা পরিচালকের কার্যালয়
ওয়াসা ভবন
৯৮, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
Website: www.dwasa.org.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.১১৩.২০৮.০০.১৩.২০১৪- ৮৮৯ তারিখঃ ২৫/০৪/২০১৯

# অফিস সার্কুলার

গত ২৫ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ অনুষ্ঠিত ঢাকা ওয়াসা বোর্ডের ২৫৬তম সভার আলোচ্যসূচী নং-৬ এর সিদ্ধান্ত মোতাবেক সুপারিশকৃত ঢাকা ওয়াসার কর্মকর্তা ও কর্মচারীদের অগ্রিম/ঋণ নীতিমালা-২০১৮ অনুমোদন করা হয়। উক্ত অগ্রিম/ঋণ নীতিমালা ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক ১৮/০৪/২০১৯ তারিখ প্রশাসনিক ভাবে অনুমোদিত হয়েছে। অগ্রিম/ঋণের আবেদন পত্রের ফরম অফিস/বিভাগীয় প্রধান কর্তৃক প্রত্যায়নের ক্ষেত্রে উক্ত নীতিমালা সকল অফিস/বিভাগ/জোনের প্রধানগণকে অনুসরণ করতে হবে। ঢাকা ওয়াসার কর্মকর্তা ও কর্মচারীদের অগ্রিম/ঋণ নীতিমালা-২০১৮ ঢাকা ওয়াসার ওয়েব সাইটে প্রকাশ করা হলো।

০২। কর্তৃপক্ষের কাজের স্বার্থে এ আদেশ জারী করা হ'ল এবং তা অবিলম্বে কার্যকর হবে।

ব্যবস্থাপনা পরিচালক এর অনুমোদনক্রমে,

স্বাক্ষরিত/-
(আ, ন, ম তরিকুল ইসলাম)
সচিব
ঢাকা ওয়াসা।
ফোন ঃ ৫৫০১২৪০৯

স্মারক নং-৪৬.১১৩.২০৮.০০.১৩.২০১৪-৮৮৯/(২৮০) তারিখঃ ২৫/০৪/২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হ'ল ঃ

০১। উপ-ব্যবস্থাপনা পরিচালক (প্রশাসন / অর্থ), ঢাকা ওয়াসা।
০২। ডাইরেক্টর (উন্নয়ন/টেকনিক্যাল), ঢাকা ওয়াসা।
০৩। প্রধান প্রকৌশলী, ঢাকা ওয়াসা।
০৪। বাণিজ্যিক ব্যবস্থাপক, ঢাকা ওয়াসা।
০৫। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (আর পি এন্ড ডি), ঢাকা ওয়াসা।
০৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/প্রকল্প পরিচালক, ..........................................., ঢাকা ওয়াসা।
০৭। প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা / প্রধান রাজস্ব কর্মকর্তা / প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ঢাকা ওয়াসা।
০৮। সিনিয়র সিস্টেম এনালিষ্ট (এম আই এস / জি আই এস), ঢাকা ওয়াসা ।
০৯। উপ-প্রধান (পরিকল্পনা) / আইন কর্মকর্তা, ঢাকা ওয়াসা।
১০। নির্বাহী প্রকৌশলী/ষ্টাফ অফিসার/ডেপুটি চীফ মাইক্রোবায়োলজিষ্ট, ......................................, ঢাকা ওয়াসা।
১১। নির্বাহী ম্যাজিষ্ট্রেট, কোর্ট নং-১ / ২ / ৩, ঢাকা ওয়াসা।
১২। উপ-সচিব, ................................, ঢাকা ওয়াসা।
১৩। উপ-প্রধান নিরাপত্তা ও গোয়েন্দা কর্মকর্তা/উপ-প্রধান রাজস্ব কর্মকর্তা, ......................................................, ঢাকা ওয়াসা।
১৪। উপ-প্রধান জনতথ্য কর্মকর্তা/উপ-প্রধান নিরীক্ষা কর্মকর্তা/সিনিয়র মেডিকেল অফিসার, ঢাকা ওয়াসা।
১৫। সহকারী সিস্টেম এনালিষ্ট (এম আই এস এন্ড বিলিং বিভাগ), ঢাকা ওয়াসা (ঢাকা ওয়াসার কর্মকর্তা ও কর্মচারীদের অগ্রিম/ঋণ প্রদান নীতিমালা-২০১৮ ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১৬। সহকারী সচিব, ................................ / পরিবহন কর্মকর্তা, ঢাকা ওয়াসা।
১৭। সভাপতি / সম্পাদক, ঢাকা ওয়াসা শ্রমিক ইউনিয়ন (সিবিএ)।
১৮। ব্যবস্থাপনা পরিচালক এর ব্যক্তগত সহকারী, ঢাকা ওয়াসা (ব্যবস্থাপনা পরিচালক এর সদয় অবগতির জন্য)।
১৯। রেকর্ড কিপার, প্রশাসন বিভাগ-১/পিআইএমএস সেল, প্রশাসন বিভাগ-২, ঢাকা ওয়াসা।
২০। অফিস কপি।

২৫/৪/১৯
সচিব
ঢাকা ওয়াসা।

Documents: Office Order & Circular-2018---37

# “ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ কর্মকর্তা ও কর্মচারীদের অগ্রিম/ঋণ প্রদান নীতিমালা-২০১৮”

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ
ওয়াসা ভবন, ৯৮, কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা-১২১৫।

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ

প্রশাসন বিভাগ-১, ওয়াসা ভবন, কাওরান বাজার, ঢাকা।

স্মারক নং-৪৬.১১৩.২০৮.০০.১৩.২০১৪- তারিখঃ /০৩/২০১৯

২৫ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে অনুষ্ঠিত ঢাকা ওয়াসা বোর্ডের ২৫৬তম সভার সিদ্ধান্ত মোতাবেক জারিকৃত

ঢাকা ওয়াসার বিদ্যমান গৃহ নির্মাণ অগ্রিম নীতিমালা এর কতিপয় পরিবর্তন, পরিবর্ধন ও সংযোজনের নিমিত্ত ২৫ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে অনুষ্ঠিত ঢাকা ওয়াসা বোর্ডের ২৫৬তম সভার সিদ্ধান্ত মোতাবেক সংশোধিত আকারে নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করা হইল ঃ

-ঃ সূচনা ঃ-

০১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রয়োগ ঃ**

(ক) ইহা "ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ কর্মকর্তা ও কর্মচারীদের অগ্রিম/ঋণ প্রদান নীতিমালা-২০১৮" নামে অভিহিত হইবে ।

(খ) এই নীতিমালা অবিলম্বে কার্যকর হইবে।

০২। **সংজ্ঞাঃ বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে এই নীতিমালায় ঃ**

(ক) "ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ কর্মকর্তা ও কর্মচারীদের অগ্রিম/ঋণ প্রদান নীতিমালা-২০১৮" বলিতে কেবলমাত্র ঢাকা ওয়াসার নিয়মিত কর্মকর্তা/কর্মচারীদের গৃহ নির্মাণ/চিকিৎসা/শিক্ষা ও বিবাহ এর জন্য কর্তৃপক্ষ প্রদত্ত অগ্রিম/ঋণ-কে বুঝাইবে।

(খ) "গৃহ নির্মাণ অগ্রিম/ঋণ" বলিতে (১) জমি ক্রয় (২) কর্তৃপক্ষের অগ্রিম/ঋণের ক্রয়কৃত জমির উপর বাড়ি নির্মাণ (৩) নিজস্ব বা বাবা/মা/স্বামী/স্ত্রীর মালিকানাধীন জমির উপর বাড়ি নির্মাণ (৪) তৈরী বাড়ি/ ফ্ল্যাট ক্রয় (৫) স্ব-উদ্যোগে বা গৃহ নির্মাণ অগ্রিম/ঋনের মাধ্যমে নির্মিত বাড়ি সংস্কার, সম্প্রসারণ বা পুনঃনির্মাণ এর জন্য প্রদত্ত অগ্রিম ঋণকে বুঝাইবে।

(গ) "সংস্কার" (রিকনস্ট্রাকশন ও রিপেয়ার) বলিতে বন্ধকী বাড়ির এমন ধরনের উন্নয়নমূলক কাজকে বুঝাইবে যাহার জন্য যথেষ্ট পরিমাণ বিনিয়োগের আবশ্যক হইবে এবং বাড়ির মূল্য বহুলাংশে বৃদ্ধি পাইবে। যেমনঃ নীট ফিনিসিং এর স্থলে মোজাইক করা, টাইলস/পাথর লাগানো, কাঠের জানালা বা স্টীলের গ্রীলের পরিবর্তে থাই এ্যালুমিনিয়াম লাগানো, জলছাদ নির্মাণ, সম্পূর্ণ বাড়ী বা তাহার বৃহত্তর অংশের পুরাতন আস্তর/ প্লাস্টার পরিবর্তন করিয়া নতুন ভাবে রং, প্লাস্টার করা, সিরামিক ইট লাগানো, পুরাতন ইলেকট্রিক লাইন বা পানির লাইন পরিবর্তন করা ইত্যাদিকে বুঝাইবে। সাধারণ (ছোট খাটো) মেরামতকে কোনভাবেই সংস্কার বুঝাইবে না।

(ঘ) "নীতিমালা" বলতে ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ কর্মকর্তা/কর্মচারীদের অগ্রিম/ঋণ প্রদান নীতিমালা-২০১৮ -কে বুঝাইবে।

(ঙ) "কর্মকর্তা/কর্মচারী" বলিতে ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষের যে কোন স্থায়ী কর্মকর্তা/কর্মচারীকে বুঝাইবে।

(চ) "স্থায়ী কর্মকর্তা/কর্মচারী" বলিতে ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষের চাকুরীতে যোগদানের পর সন্তোষজনকভাবে শিক্ষানবীশ মেয়াদান্তে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক চাকুরীতে স্থায়ীকরণের আদেশ প্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারীকে বুঝাইবে।

(ছ) "চিকিৎসা অগ্রিম/ঋণ" বলিতে কেবলমাত্র দূরারোগ্য (ক্যান্সার/কিডনী জনিত রোগ/হৃদরোগ/হেপাটাইটিস/যক্ষ্মা বা অন্যান্য) আক্রান্ত ব্যাধির জন্য গৃহীত অগ্রিম/ঋণকে বুঝাইবে।

(জ) "শিক্ষা অগ্রিম/ঋণ" বলিতে স্নাতক/স্নাতকোত্তর/এম ফিল/পিএইচডি ইত্যাদি অধ্যয়নের জন্য গৃহীত অগ্রিম/ঋণকে বুঝাইবে।

(ঝ) "বিবাহ অগ্রিম/ঋণ" বলিতে কর্মকর্তা/কর্মচারীর নিজ এবং সন্তানের বিবাহ উপলক্ষ্যে গৃহীত অগ্রিম/ঋণকে বুঝাইবে।

০৩। **অগ্রিম/ঋণ প্রাপ্তির যোগ্যতা বা শর্ত ঃ**

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ কর্মকর্তা/কর্মচারীদের জন্য অগ্রিম/ঋণ প্রদান নীতিমালা-২০১৮ এর আওতায় অগ্রিম/ঋণ প্রাপ্তির জন্য কর্তৃপক্ষের নিকট আবেদন করিবার পূর্বে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীকে নিম্নোক্ত যোগ্যতা অর্জন করিতে হইবেঃ

ক) কর্তৃপক্ষের স্থায়ী কর্মকর্তা/কর্মচারী হইতে হইবে।

খ) অগ্রিম/ঋণ গ্রহনে কর্মকর্তা/কর্মচারীর চাকুরিকাল ০৭(সাত) বছর পূর্ণ ও বয়স ৩০ অতিক্রম করিতে হইবে এবং অবসর গ্রহণের পূর্বে চাকুরিকাল কমপক্ষে ৩(তিন) বৎসর থাকিতে হইবে।

গ) কোন কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে আদালতে বিচারাধীন কোন মামলা কিংবা বিভাগীয় কোন মামলা চলমান থাকা অবস্থায় অগ্রিম/ঋণ প্রাপ্তির যোগ্য বলে বিবেচিত হইবেন না। তবে এ কার্যক্রম হইতে অব্যাহতি পাইলে বিধি মোতাবেক অগ্রিম/ঋণ পাইবার যোগ্য বিবেচিত হইবেন।

ঘ) ঢাকা ওয়াসার চাকুরিতে চুক্তিভিত্তিক/খন্ডকালীন/প্রেষণে/লিয়েনে নিয়োজিত কোন ব্যক্তি কোন অগ্রিম/ঋণ পাইবার যোগ্য হইবেন না। তবে অত্র প্রতিষ্ঠান হতে অন্যত্র প্রেষণে/লিয়েনে চাকুরিরত থাকাকালীন এই নীতিমালার আওতায় অগ্রিম/ঋণ পাইবার যোগ্য বলে বিবেচিত হইবেন ।

ঙ) স্বামী-স্ত্রী উভয়ে ঢাকা ওয়াসায় কর্মরত থাকাকালীন উভয়কেই প্রাপ্যতা অনুযায়ী অগ্রিম/ঋণ মঞ্জুর করা যাইবে।

চ) তৈরী বাড়ি বা ফ্ল্যাট ক্রয় অগ্রিম/ঋণের ক্ষেত্রে বাড়ি বা ফ্ল্যাট ক্রয় পরবর্তী তা সম্প্রসারণ বা ফ্ল্যাটের সংস্কার/রক্ষণাবেক্ষণ/রিনোভেশনের লক্ষ্যে চলমান সিলিং এর আওতায় সিলিংয়ের অবশিষ্টাংশ (যদি থাকে) বর্দ্ধিতকরণ অগ্রিম/ঋণ গ্রহণ করিতে পারিবেন।

(ছ) অগ্রিম/ঋণ প্রাপ্তির ক্ষেত্রে কোন কর্মকর্তা/কর্মচারী টেক হোম পে (Take-home pay), সর্বমোট বেতন ও ভাতার এক চতুর্থাংশ (১/৪) এর কম হইবে না।

জ) ইতঃপূর্বে যে সকল কর্মকর্তা/কর্মচারী পূর্ণ ঋণ সিলিং ভোগ করিয়াছেন তাহারা বর্ধিত সিলিং এর আওতায় প্রাপ্যতার ভিত্তিতে পূর্বের অগ্রিম/ঋণ সমন্বয়ের শর্তে অগ্রিম/ঋণ গ্রহণ করিতে পারিবেন। তবে নীতিমালার অনুঃ-০২ এর অন্যান্য শর্ত পরিপালন সাপেক্ষে এ সুবিধা সমগ্র চাকুরি জীবনে সর্বোচ্চ ১ (এক) বার ভোগ করিতে পারিবেন এবং এ সুবিধা কেবলমাত্র গৃহ নির্মাণ অগ্রিমের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

ঝ) চিকিৎসা বাবদ অগ্রিম/ঋণের ক্ষেত্রে কর্মকর্তা/কর্মচারী নিজ বা তাহার স্বামী/স্ত্রী/সন্তান/পিতা/মাতা কেবলমাত্র দূরারোগ্য (ক্যান্সার/কিডনী জনিত রোগ/হৃদরোগ/হেপাটাইটিস/যক্ষ্মা বা অন্যান্য) ব্যাধিতে আক্রান্ত হইলে প্রাপ্য হইবেন। এ অগ্রিম/ঋণ গ্রহণে চিকিৎসা প্রদানকারী চিকিৎসক প্রদত্ত প্রত্যয়ন এবং তা ঢাকা ওয়াসার সিনিয়র মেডিক্যাল অফিসার কর্তৃক সত্যায়ন থাকিতে হইবে।

ঞ) কর্মকর্তা/কর্মচারীদের সন্তানের উচ্চ শিক্ষা প্রসারে শিক্ষা অগ্রিম/ঋণ প্রাপ্তিতে স্নাতক/স্নাতকোত্তর/এমফিল /পিএইচডি ইত্যাদিতে অধ্যয়নকারী এবং তা দেশের অভ্যন্তরে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) স্বীকৃত বা আন্তর্জাতিক ভাবে স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত হইতে হইবে। এ সুবিধা সমগ্র চাকুরি জীবনে সর্বোচ্চ ২(দুই) বার গ্রহণ করা যাইবে।

ট) প্রচলিত আইন অনুযায়ী সন্তানের বয়স বিবাহযোগ্য এবং বিবাহের দিনক্ষণ নির্ধারণ হইলে কর্মকর্তা/ কর্মচারীর আবেদনের ভিত্তিতে বিবাহ অগ্রিম/ঋণ মঞ্জুর করা যাইবে। কর্মকর্তা/কর্মচারী নিজ বিবাহের জন্য এ অগ্রিম/ঋণ গ্রহণে চাকুরীকাল কমপক্ষে ৫(পাঁচ) বৎসর এবং বয়স ৩০ অতিক্রম করিতে হইবে। কর্মকর্তা/কর্মচারীর নিজসহ সন্তানদের জন্য এ সুবিধা সমগ্র চাকুরি জীবনে সর্বোচ্চ ২(দুই) বার গ্রহণ করা যাইবে।

০৪। **ঋণের মেয়াদ ঃ**

ক) পরিশোধের সুবিধার্থে গৃহীত গৃহ নির্মাণ অগ্রিম/ঋণ ও তার পুঞ্জিভূত সুদ সর্বোচ্চ ২০ বৎসর অর্থাৎ ২৪০টি সমান কিস্তিতে পরিশোধযোগ্য হইবে। চিকিৎসা/শিক্ষা/বিবাহ অগ্রিম/ঋণ ও পুঞ্জিভূত সুদ সর্বোচ্চ ১০ বৎসর অর্থাৎ ১২০ টি সমান কিস্তিতে পরিশোধযোগ্য হইবে।

খ) কোন কর্মকর্তা/কর্মচারীর চাকুরির মেয়াদ ২০ বৎসর না থাকিলে তাহাদের ক্ষেত্রে পি আর এল সমাপ্ত হওয়ার তারিখ পর্যন্ত মেয়াদ নির্ধারণ পূর্বক উক্ত সময়ের মধ্যে কিস্তিতে পরিশোধযোগ্য হইবে।

০৫। গৃহ নির্মাণ অগ্রিমের সিলিং ঃ

গৃহ নির্মাণ অগ্রিম/ঋণের সিলিং নির্ধারনের ক্ষেত্রে এলাকা নির্বিশেষে একজন কর্মকর্তা/কর্মচারীর গৃহ নির্মাণ অগ্রিম/ঋণের সিলিং নিম্নরূপ হইবে ঃ

| ক্রঃ নং | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল-২০১৫) | সর্বোচ্চ অগ্রিম/ঋণের পরিমাণ |
|---|---|---|
| ০১. | ৫ম গ্রেড ও তদুর্ধ স্কেলের কর্মচারী | ৪৫.০০ লক্ষ টাকা। |
| ০২. | ৬ষ্ঠ থেকে ৯ম গ্রেড স্কেলের কর্মচারী | ৪০.০০ লক্ষ টাকা। |
| ০৩. | ১০ম থেকে ১৩তম গ্রেড স্কেলের কর্মচারী | ৩৫.০০ লক্ষ টাকা। |
| ০৪. | ১৪তম থেকে ১৭তম গ্রেড স্কেলের কর্মচারী | ২৫.০০ লক্ষ টাকা। |
| ০৫. | ১৮তম থেকে ২০তম গ্রেড স্কেলের কর্মচারী | ২০.০০ লক্ষ টাকা। |

০৬। চিকিৎসা/শিক্ষা/বিবাহ অগ্রিম/ঋণের সিলিং ঃ

| ক্রঃ নং | অগ্রিম / ঋণ | সর্বোচ্চ অগ্রিম / ঋণের পরিমাণ |
|---|---|---|
| ০১. | চিকিৎসা | ১০ (দশ) লক্ষ টাকা। |
| ০২. | শিক্ষা | ১০ (দশ) লক্ষ টাকা। |
| ০৩. | বিবাহ | ১০ (দশ) লক্ষ টাকা। |

০৭। মঞ্জুরী ও বিতরণ পদ্ধতি ঃ

এই নীতিমালার অন্যান্য বিধানাবলী প্রতিপালন সাপেক্ষে গৃহ নির্মাণ অগ্রিম/ঋণের মঞ্জুরী ও বিতরণ নিম্নরূপভাবে সম্পন্ন হইবে ঃ

| ক্রমিক নং | অগ্রিম/ঋণ গ্রহণের উদ্দেশ্য | মঞ্জুরীর পরিমান | বিতরণের কিস্তি সংখ্যা |
|---|---|---|---|
| ১ | জমি ক্রয় | প্রাপ্য গৃহ নির্মাণ ঋণের সম্পূর্ণ | ১ম কিস্তিতে বায়নার জন্য প্রাপ্য অগ্রিম/ঋণের সর্বোচ্চ ২৫% এবং অবশিষ্টাংশ বায়না চুক্তির দলিল জমা দেওয়ার পর। |
| ২ | নির্মিত বাড়ি বা ফ্ল্যাট ক্রয় | প্রাপ্য গৃহ নির্মাণ ঋণের সম্পূর্ণ | ১ম কিস্তিতে বায়নার জন্য প্রাপ্য অগ্রিম/ঋণের সর্বোচ্চ ২৫% এবং অবশিষ্টাংশ বায়না চুক্তির দলিল জমা দেওয়ার পর। |
| ৩ | নির্মাণাধীন বাড়ি সংস্কার | গৃহ নির্মাণ অগ্রিম/ঋণ সিলিং এর সর্বোচ্চ ১/4 (এক চতুর্থাংশ) | সর্বোচ্চ ২(দুই) কিস্তিতে । |

(ক) সকল মঞ্জুরী পত্রের মেয়াদকাল মঞ্জুরীর তারিখ হইতে ২(দুই) বৎসর বলবৎ থাকিবে।

(খ) মঞ্জুরীকৃত অগ্রিম/ঋণ বিতরণের পূর্বে অগ্রিম/ঋণ গ্রহনকারী কর্মকর্তা/কর্মচারীর ব্যক্তিগত জামিননামা গ্রহণ করিয়া অগ্রিম/ঋণ প্রদান করা যাইবে।

(গ) অগ্রিম/ঋণের খাতে ঢাকা ওয়াসার বাজেট বরাদ্দ থাকা সাপেক্ষে এবং নির্ধারিত তারিখের মধ্যে প্রাপ্ত আবেদনকারী কর্মকর্তা/কর্মচারীগণের অর্জিত চাকুরীকালের আধিক্যের ভিত্তিতে অগ্রিম/ঋণ মঞ্জুরী/বিতরণের বিষয় বিবেচনা করা হইবে। ঢাকা ওয়াসার প্রশাসন বিভাগ-১ অগ্রিম/ঋণ প্রদানের পূর্বে পেনশনযোগ্য অর্জিত চাকুরীকালের আধিক্যের ভিত্তিতে কর্মকর্তা/কর্মচারীদের জন্য পৃথক তালিকা তৈরী করিয়া অগ্রিম/ঋণ বন্টনকারী কমিটিকে প্রদান করিবে।

(ঘ) বিতরণকৃত অগ্রিম/ঋণের অংশ ব্যবহার নিশ্চিত হইবার পরই কেবল মঞ্জুরীকৃত অগ্রিম/ঋণের পরবর্তী কিস্তি বিতরণ করা হইবে।

০৮। জামানত ঃ

(ক) সুদসহ গৃহীত অগ্রিম/ঋণের সমুদয় অর্থ পরিশোধ ছাড়া অগ্রিম/ঋণ প্রদানকারী কর্তৃপক্ষের লিখিত পূর্বানুমতি ব্যতিত অগ্রিম/ঋণের অর্থের ক্রয়কৃত জমি, ফ্ল্যাট বা বাড়ি হস্তান্তর/বিক্রয়/কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের নিকট দায়বদ্ধ করা যাইবে না।

(খ) গৃহ নির্মাণ অগ্রিম/ঋণে ক্রয়কৃত জমি/বাড়ি/ফ্ল্যাট কর্তৃপক্ষের অনুকূলে রেজিস্ট্রিকৃত দলিল মূলে বন্ধক গ্রহণ এবং Registered Irrevocable General Power of Attorney সম্পাদনসহ অগ্রিম/ঋণ গ্রহীতার ব্যক্তিগত জামিননামা গ্রহণ করিতে হইবে। গৃহীত অগ্রিম/ঋণ সুদসহ সম্পূর্ণরূপে পরিশোধিত হওয়ার পর বন্ধকী সম্পত্তি অবমুক্ত করা হইবে।

(গ) চিকিৎসা/শিক্ষা/বিবাহ অগ্রিম/ঋণ গ্রহণের ক্ষেত্রে অগ্রিম প্রদানের পূর্বে অগ্রিম/ঋণ গ্রহণকারীর ব্যক্তিগত জামিননামা গ্রহণ করিতে হইবে ।

(ঘ) এছাড়াও গৃহ নির্মাণ/ চিকিৎসা/শিক্ষা/বিবাহ যে পর্যায়ের অগ্রিম/ঋণ গ্রহণ করা হোক না কেন,অত্র সংস্থায় কর্মরত গ্রহীতার সমপদমর্যাদার/উর্ধ্বতন একজন কর্মকর্তা/কর্মচারীকে গ্যারেন্টার/ জামিনদার থাকিতে হইবে।

০৯। অগ্রিম পরিশোধ পদ্ধতিঃ

(ক) প্রদত্ত গৃহ নির্মাণ অগ্রিম/ঋণের ৫% হারে বার্ষিক সরল সুদ ধার্য করা হইবে। তবে চিকিৎসা/শিক্ষা/বিবাহ অগ্রিম/ঋণের ক্ষেত্রে বার্ষিক সরল সুদ ২% হারে প্রযোজ্য হইবে।

(খ) গৃহ নির্মাণ অগ্রিম/ঋণের আওতায় শুধুমাত্র গৃহ নির্মানের উদ্দেশ্যে অগ্রিম/ঋণ গ্রহণের ক্ষেত্রে ৬(ছয়) মাস গ্রেস পিরিয়ড বাদে ৭ম মাস হইতে কিস্তি আদায়যোগ্য হইবে। অন্যান্য অগ্রিম/ঋণের ক্ষেত্রে অগ্রিম প্রদানের পরবর্তী মাস হইতে কিস্তি আদায়যোগ্য হইবে।

(গ) যে সকল কর্মকর্তা/কর্মচারী ঢাকা ওয়াসার কোয়ার্টারে থাকেন তাহারা এ স্কিমের আওতায় গৃহ নির্মাণ অগ্রিম/ঋণ গ্রহণ করিলে তাহাদের ক্ষেত্রে স্বাভাবিক নিয়মে কর্তৃনকৃত বাড়িভাড়া ভাতা / সিলিং কর্তনের পর অবশিষ্ট বেতন হইতে আদায়যোগ্য কিস্তির সমপরিমান অর্থ গৃহ নির্মাণ অগ্রিম/ঋণের কিস্তি হিসেবে কর্তন করা হইবে।

(ঘ) যদি কোন কারণে ইহার পরও কোন অগ্রিম/ঋণ সমন্বয় না হয় তবে উহা মাসিক কিস্তিতে অথবা এককালীন আদায়যোগ্য হইবে এবং অগ্রিম/ঋণের টাকা আদায় না হওয়া পর্যন্ত ঢাকা ওয়াসার সাথে অগ্রিম/ ঋণ গ্রহণকারীর সম্পাদিত চুক্তি বলবৎ থাকিবে।

(ঙ) ঢাকা ওয়াসা হইতে অন্যত্র লিয়েন বা ডেপুটেশনে চাকুরী করিতে গেলে তাহার ক্ষেত্রে মাসিক কিস্তি কর্তন অব্যাহত থাকিবে। এই ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তি নিয়মিত কিস্তি প্রদান করিবেন মর্মে উপযুক্ত স্ট্যাম্প পেপারে একটি অঙ্গীকার পত্র প্রদান করিবেন।

(চ) কর্মকর্তা/কর্মচারী অবসর গ্রহণকালীন গৃহ নির্মাণ অগ্রিমের সাকুল্য পাওনা (সুদ + আসল) প্রাপ্য আনুতোষিক এবং ভবিষ্য তহবিলসহ ঢাকা ওয়াসার নিকট প্রাপ্য অন্যান্য পাওনা হইতে সম্পূর্ণ কর্তন/সমন্বয় করা হইবে। ইহার পরেও এই খাতে কর্তৃপক্ষের কোন পাওনা থাকিলে তাহা কর্মকর্তা/কর্মচারীর বা তাহার পরিবারের মাসিক পেনশন এবং চিকিৎসা ভাতা হইতে স্বল্পতম সময়ের মধ্যে সমন্বয় করিতে হইবে। মৃত কর্মকর্তা/কর্মচারীর ক্ষেত্রে মৃত্যুর তারিখ পর্যন্ত ঢাকা ওয়াসার নিকট তাহার পাওনা হইতে গৃহ নির্মাণ অগ্রিম/ঋণের সমুদয় পাওনা আদায় করিতে হইবে। গৃহ নির্মাণ অগ্রিম/ঋণ গ্রহণকারী সুদসহ গৃহীত অগ্রিম/ঋণ পরিশোধের পূর্বে তাহার ভবিষ্য তহবিল হইতে কোন প্রকার ঋণ গ্রহণ বা টাকা উত্তোলন করিতে পারিবেন না ।

(ছ) কোন কর্মকর্তা/কর্মচারী চাকুরীরত অবস্থায় মৃত্যুবরণ করিলে তাহার পরিবারের আর্থিক সঙ্গতি বিবেচনায় গৃহ নির্মাণ অগ্রিম/ঋণের উপর আরোপিত সুদ মওকুফ করার বিষয়ে ঢাকা ওয়াসা কর্তৃপক্ষ সিদ্ধান্ত গ্রহণ করিতে পারিবে। তবে অগ্রিম/ঋণের মূল টাকা মওকুফ এ সিদ্ধান্তের আওতায় পরিবে না।

(জ) উপবিধি ৯(চ) এর বর্ণিত শর্ত চাকুরীরত অবস্থায় পরলোকগমনকারী কর্মকর্তা/কর্মচারীর ওয়ারিশের ক্ষেত্রেও প্রযোজ্য হইবে।

(ঝ) কোন কর্মকর্তা/কর্মচারী ইচ্ছা করিলে লিখিত আবেদনের মাধ্যমে এই নীতিমালা অনুযায়ী নির্ধারিত কিস্তির অধিক হারে অথবা পূর্ব নির্ধারিত সময়ের পূর্বেও যে কোন সময় সুদসহ সম্পূর্ণ টাকা/দেনা এক সংগে পরিশোধ করিতে পারিবেন। সেইক্ষেত্রে পরিশোধের তারিখ পর্যন্ত গণনাকৃত সুদ পরিশোধ করিতে হইবে।

(ঞ) যদি কোন গৃহ নির্মাণ অগ্রিম/ঋণ গ্রহীতা সুদসহ অগ্রিম/ঋণ পরিশোধের পূর্বেই ঢাকা ওয়াসার চাকুরী হইতে স্বেচ্ছায় অবসর গ্রহণ করেন/ পদচ্যুত বা অপসারিত হন তাহা হইলে তাহাকে গৃহীত অগ্রিম/ঋণ এর অবশিষ্টাংশ সুদসহ চাকুরীর সমাপ্তি দিবসে একসাথে পরিশোধ করিতে হইবে। যদি তিনি সম্পূর্ণ অর্থ পরিশোধ করিতে ব্যর্থ হন তাহা হইলে ঢাকা ওয়াসার নিকট তাহার যে কোন পাওনার বিপরীতে সমন্বয় করা হইবে। ইহার পরও যদি কিছু পাওনা অনাদায়ী থাকে তবে তিনি ৩(তিন) মাসের মধ্যে উক্ত অর্থ পরিশোধ করিতে বাধ্য থাকিবেন অথবা পাওনা আদায়ের স্বার্থে ঢাকা ওয়াসা যথাযথ আইনগত ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে। পাওনা আদায়ে যে কোন ধরনের অনিশ্চয়তা দেখা দিলে কর্তৃপক্ষ তাহা অগ্রিম গ্রহণকারীর জামিনদারের নিকট হইতে আদায় করিতে পারিবেন।

(ট) পূর্ববর্তী উপবিধি সমূহে বর্ণিত শর্তাবলী সত্ত্বেও ঢাকা ওয়াসা অগ্রিম/ঋণের অর্থ সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী বা তাহার বৈধ প্রতিনিধি, উত্তরাধিকারী, স্বত্বাধিকারীর নিকট হইতে আদায় করিতে পারিবেন এবং প্রয়োজন বোধে অন্য কোন আইনানুগ পন্থায় পাওনা আদায় করিতে পারিবেন। এরপরও যদি অগ্রিম পরিশোধিত না হয় কর্তৃপক্ষ তার নিকট উক্ত অগ্রিম/ঋণের বিপরীতে বন্ধকিকৃত সম্পত্তি বিক্রয় করিয়া পাওনা আদায় করিতে পারিবে।

(ঠ) যাহারা পূর্বে গৃহ নির্মাণ অগ্রিম/ঋণ গ্রহণ করিয়া প্রচলিত হারে কিস্তি প্রদান করিতেছেন তাহারা বর্তমানে নীতিমালার আওতায় অতিরিক্ত/পুণরায় অগ্রিম/ঋণ গ্রহণ করিলে, তাহাদের ক্ষেত্রেও সকল অগ্রিমের (পূর্ব এবং পরবর্তী অগ্রিম/ঋণের) কিস্তি একত্রিত করিয়া কর্তন করা হইবে। তবে শর্ত থাকে যে, এইরূপ অগ্রিম/ঋণ প্রাপ্তির ক্ষেত্রে ৯(ঝ) অনুচ্ছেদের শর্তাদি অবশ্যই প্রযোজ্য হইবে।

(ড) গৃহ নির্মাণ অগ্রিম/ঋণ গ্রহণকারী কোন কর্মকর্তা/কর্মচারীর কিস্তি তাহার প্রতি মাসের বেতন হইতে নিয়মিতভাবে কর্তন করিতে হইবে। কোন মাসের কিস্তি কর্তন না হইলে পরবর্তী মাসে বকেয়া কিস্তিসহ হাল মাসের কিস্তি কর্তন করিতে হইবে।

১০। <u>অন্যান্য নিয়মাবলী</u> ঃ

(ক) কোন কর্মকর্তা/কর্মচারী অগ্রিম/ঋণ গ্রহণে বিলম্ব হইবার দরুন উদ্ভুত কোন পরিস্থিতি/পরিণতির জন্য ঢাকা ওয়াসা দায়ী থাকিবে না।

(খ) অগ্রিমের সকল আবেদনপত্র এতদ্‌সংগে সংযুক্ত নমুনা মোতাবেক প্রয়োজনীয় কাগজপত্রসহ জমা করিয়া উপযুক্ত কর্তৃপক্ষের মাধ্যমে প্রতি অর্থ বছরের **৩১** জুলাই তারিখের মধ্যে প্রশাসন বিভাগ-**১** এ পৌঁছাইতে হইবে।

(গ) এ নীতিমালার আওতায় ঢাকা ওয়াসার স্থায়ী কর্মকর্তা/কর্মচারীগণ সর্বনিম্ন ৫ (পাঁচ) থেকে সর্বোচ্চ ২০ (বিশ) জনের একটি গ্রুপ করিয়া গৃহ নির্মাণ ঋণ নিয়ে জমি ক্রয় করিতে পারিবেন। এই ধরনের গ্রুপে আবেদনকারীর ক্ষেত্রে নীতিমালার সকল শর্ত পূরণ সাপেক্ষে অগ্রিম মঞ্জুর ও প্রদানে কর্তৃপক্ষ অগ্রাধিকার দিতে পারিবেন। তবে একজন কর্মচারী একাধিক গ্রুপের সদস্য হইতে পারিবেন না ।

(ঘ) গৃহ নির্মাণ অগ্রিম/ঋণ মঞ্জুর ও প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষ ইতঃপূর্বে গৃহ নির্মাণ অগ্রিম/ঋণ গ্রহণ করেন নাই এইরূপ নতুন আবেদনকারী কর্মকর্তা/কর্মচারীদের অগ্রাধিকার দিতে পারিবেন।

(ঙ) এই নীতিমালা প্রবর্তনের পূর্বে যে সকল কর্মকর্তা/কর্মচারী অগ্রিম/ঋণ গ্রহণ করিয়াছেন তাহারাও এই নীতিমালার অধীনে প্রাপ্যতা সাপেক্ষে অতিরিক্ত অগ্রিম/ঋণের সুবিধা গ্রহণ করিতে পারিবেন। শর্ত থাকে যে, এইরূপ ক্ষেত্রে তাহাদের সমুদয় গৃহ নির্মাণ অগ্রিম/ঋণ এই নীতিমালা দ্বারা নিয়ন্ত্রিত হইবে। তবে সুদের হার প্রতিটি অগ্রিম/ঋণ চুক্তি দলিল অনুযায়ী বলবৎ থাকিবে।

(চ) এতদ্‌বিষয়ে ইতঃপূর্বে জারীকৃত অফিস আদেশ/সার্কুলার বা অন্য কোন নীতিমালায় যাহাই থাকুক না কেন এই নীতিমালা জারীর তারিখ হইতে পূর্বে জারিকৃত এ সংক্রান্ত সকল আদেশ/সার্কুলার/নীতিমালা বাতিল বলিয়া গণ্য হইবে।

(ছ) "তথ্য প্রত্যয়নে সুপারিশকারী কর্মকর্তা" বলিতে অগ্রিম/ঋণ গ্রহণের ক্ষেত্রে আবেদনকারী কর্মকর্তা/কর্মচারীর নিয়ন্ত্রণকারী কর্মকর্তা-কে বুঝাইবে।

(জ) বাজেট বরাদ্দ থাকা সাপেক্ষে সকল অগ্রিম/ঋণ ব্যবস্থাপনা পরিচালক মঞ্জুর করিবেন।

(ঝ) ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ কর্মকর্তা/কর্মচারীদের অগ্রিম/ঋণ প্রদান নীতিমালা-২০১৮ এর সঙ্গে সংযুক্ত নির্ধারিত সংযুক্তি সমূহ প্রয়োজন অনুযায়ী মঞ্জুরকারী কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সংশোধন/সংযোজন/পরিবর্ধন করা যাইবে।

14/5/19

প্রকৌশলী তাকসিম এ খান
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।